

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৪০৪৪

আগরতলা, ০৫ ডিসেম্বর, ২০২৩

**আগামীকাল ৬১তম সর্ভভারতীয় অসামরিক প্রতিরক্ষা ও গৃহরক্ষী দিবস**

আগামীকাল ৬১তম সর্ভভারতীয় অসামরিক প্রতিরক্ষা ও গৃহরক্ষী দিবস। এ উপলক্ষে মূল অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে অরুন্ধতীনগরস্থিত মনোরঞ্জন দেববর্মা স্মৃতি পুলিশ প্যারেড গ্রাউন্ডে। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহা। অনুষ্ঠানের অঙ্গ হিসাবে সকাল ৯টায় যৌথ বাহিনীর প্যারেড ও মহড়া অনুষ্ঠিত হবে।

উল্লেখ্য, প্রতি বছর ৬ ডিসেম্বর সারা দেশে সর্ভভারতীয় অসামরিক প্রতিরক্ষা ও গৃহরক্ষী বাহিনী দিবস হিসেবে পালন করা হয়। আমাদের রাজ্যেও এই দিনটি সর্ভভারতীয় অসামরিক প্রতিরক্ষা ও গৃহরক্ষী দিবস হিসেবে পালন করা হয়। একসময় অসামরিক প্রতিরক্ষা দপ্তরের কাজকর্ম শুধু আগরতলা শহরেই সীমাবদ্ধ ছিল। বর্তমান রাজ্য সরকার অসামরিক প্রতিরক্ষা দপ্তরকে সারা রাজ্যে সম্প্রসারণ করেছে। প্রত্যেক জেলার অতিরিক্ত জেলাশাসককে কন্ট্রোলার হিসেবে দায়িত্ব অর্পণ করে কাজকর্ম পরিচালনা শুরু করেছে। ত্রিপুরা রাজ্য অতিমাত্রায় দুর্যোগপ্রবণ এলাকা হিসেবে চিহ্নিত। অতিমাত্রায় ভূমিকম্পপ্রবণ এবং ঘূর্ণিঝড়প্রবণ অঞ্চল হিসেবেও আমাদের রাজ্য চিহ্নিত। অসামরিক প্রতিরক্ষা দপ্তর যেকোন ধরনের বিপর্যয় মোকাবিলার জন্য জনগণকে সচেতন করার পাশাপাশি যুবক যুবতী, ছাত্রছাত্রী, শিক্ষক শিক্ষিকা ও সরকারি কর্মচারীদের বিভিন্ন সময়ে প্রশিক্ষণের ব্যবস্থা করেছে।

\*\*\*\*\*